



স্মারক নম্বর : ০৬/কল/মাধ্যমিক/২৮/২৬০

তারিখ : ৩০/০৩/২০২৬

পরিপত্র

বিষয়: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী এডহক কমিটি গঠন সংক্রান্ত।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৪১

তারিখ: ১৬/০৩/২০২৬ খ্রি:

গত ১০.০৩.২০২৬ তারিখের নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি গঠন বিষয়ে মতবিনিময় সভার সিদ্ধান্ত অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (৩১ আগস্ট ২০২৫ তারিখের সংশোধনী) এর ৭৪(২) প্রবিধি অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটি গঠনের ক্ষেত্রে শিক্ষা বোর্ডসমূহকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছে।

(ক) এডহক কমিটির সভাপতি: শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটির সভাপতির সাধারণ শিক্ষাগত যোগ্যতা স্নাতক পাশ বা সমমান হবে। আবশ্যিক ক্ষেত্রে এডহক কমিটির সভাপতি নির্ধারণের ক্ষেত্রে ব্যক্তির শিক্ষা প্রসার ও উন্নয়নে বিশেষ অবদান বা অন্য কোনো বিশেষ যোগ্যতা সাপেক্ষে মন্ত্রণালয় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

(খ) এডহক কমিটির সভাপতি মনোনয়ন: এডহক কমিটির সভাপতি মনোনয়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, মহানগরের ক্ষেত্রে বিভাগীয় কমিশনার এবং অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসকের মাধ্যমে সংশ্লিষ্ট জেলা বা উপজেলার সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রথম শ্রেণির কর্মচারী, অবসরপ্রাপ্ত শিক্ষাবিদ, স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তি বা শিক্ষায় অগ্রহী স্থানীয় খ্যাতিমান ব্যক্তি/সমাজসেবক, স্থানীয় সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতার মধ্য হইতে ০৩ (তিন) জন ব্যক্তির নাম ও জীবনবৃত্তান্ত সংবলিত প্রস্তাব শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন। শিক্ষা বোর্ড প্রস্তাবিত ব্যক্তিগণের মধ্য হইতে একজনকে সভাপতি মনোনীত করিবেন। উল্লেখ্য এডহক কমিটি গঠনের জন্য কোন অনুমতি গ্রহণ করতে হবে না। সরাসরি প্রস্তাব প্রেরণ করতে হবে।

২। জনস্বার্থে এ আদেশ ০১/০৪/২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মোঃ মাহবুব হাসান

আইডি নং-০৯৫২২

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

প্রাপক:

অধ্যক্ষ

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ সমূহ

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ২। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৬। অফিস কপি।

৩০/০৩/২০২৬